

নীলফামারী জেলা ফলদ, বনজ ও ভেষজ বৃক্ষ মেলা - ২০১৪

প্রতিবেদন

স্থান : নীলফামারী টাউন হল মাঠ

তারিখ : ১৯ আগস্ট হতে ২৮ আগস্ট পর্যন্ত



ষ্টল পরিদর্শন করছেন, রংপুর বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও পুলিশ সুপার, নীলফামারী



▣ বাস্তবায়নে ▣

উদয়াকুর সেবা সংস্থা (ইউএসএস)

E-mail: [uss.nilphamari@gmail.com](mailto:uss.nilphamari@gmail.com)

Website: [www.ussnilphamaribd.org](http://www.ussnilphamaribd.org)

▣ সহযোগিতায় ▣

ইউএসসি কানাডা, বাংলাদেশ

**(Adolescent Livelihood Opportunities (ALO) project,** প্রকল্পের লক্ষ্য উদ্দেশ্য বাস্তবায়নের জন্য যে চারটি থিম নিয়ে কাজ করে আসছে তা হলো- (১) বীজ নিরাপত্তা ও বৈচিত্রতা (২) জলবায়ু পরিবর্তন এ্যডাপটেশন এন্ড মিটিগেশন (৩) গ্রামীণ আর্থসামাজিক অবস্থার উন্নয়ন (৪) নারী সমতা। সমাপ্ত হলো প্রকল্পের চতুর্থ বছর। কমিউনিটির নিবিড় অংশগ্রহণের মাধ্যমে বাস্তবায়িত এ প্রকল্পে আমাদের অর্জনের মাত্রা ব্যাপক। নির্ধারিত লক্ষ্য অর্জিত হয়েছে প্রায় শত ভাগ। প্রথম বছর যেসব বাঁধা চিহ্নিত করা হয়েছিল এ বছর তা উৎরানো সম্ভব হয়েছে পূর্ব বছরের কাজের অভিজ্ঞতা থেকে। সবচেয়ে বড় অর্জন হচ্ছে- কমিউনিটি আনন্দের সাথে এ প্রকল্পের কাজ করে। পাশাপাশি স্থানীয় সরকার, নাগরিক সমাজ ও কৃষি সম্প্রসারণ বিভাগের নিকট প্রকল্পটি ব্যাপক গ্রহণযোগ্যতা পেয়েছে।

নীলফামারীজেলা প্রশাসনের উদ্যোগে জেলা বন বিভাগ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিভিন্ন বেসরকারী সংস্থা/প্রতিষ্ঠানের সহায়তায় **নীলফামারী জেলা ফলদ, বনজ ও ভেষজ বৃক্ষ মেলায়** ষ্টল বাস্তবায়নের মাধ্যমে ইউএসএস এর আলো প্রকল্পের চারটি থিমের কর্মকান্ড অর্গানিক শাকসবজি প্রদর্শন, বীজ ব্যাংক প্রদর্শন, বসতবাড়ীতে জার্মপ্লাজম কনজার্ভেশন, বিভিন্ন জৈব সার প্রদর্শন, কেঁচো কম্পোষ্ট প্রদর্শন, নারী পুরুষের সমতার ডামি প্রদর্শন, লিকুইড ম্যানুউর ও বায়োপেপ্টিসাইড প্রদর্শন, স্থানীয় বিভিন্ন জৈব কীটনাশক তৈরী প্রক্রিয়া ও ডামি প্রদর্শন এর মাধ্যমে উপস্থাপন করা হয়। ফলদ, বনজ ও ভেষজ বৃক্ষ মেলা প্রধান অতিথি হিসেবে মেলার উদ্বোধন করেন রংপুর বিভাগীয় কমিশনার জনাব দিলোয়ার বখত সভাপতিত্ব করেন জনাব, জাকির হোসেন জেলা প্রশাসক নীলফামারী। আরো উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার, নীলফামারী। কৃষিবিদ জনাব, মোঃ সিরাজুল ইসলাম উপরিচালক কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী। কৃষিবিদ জনাব, মোঃ কেরামত আলী উপজেলা কৃষি কর্মকর্তা, নীলফামারী সদর। উদ্বোধনী ও স্বাগতিক বক্তব্য শেষে মেলার প্রতিটি ষ্টল ঘুরে দেখেন। মেলায় প্রায় ৬০ টি ষ্টল হয়েছে মেলায় প্রতিদিন ৮০০-১০০০ হাজার মানুষের সমাগম ঘটে।

প্রতিবেদন প্রস্তুতকরনে

মোঃ হামিদুল ইসলাম

পি ও - আলো প্রকল্প

ইউএসএস, নীলফামারী।